

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)

খাতুনগঞ্জ শাখা, চট্টগ্রাম

অর্থক্ষণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জনাব শওকত হোসেন ফিরোজ, পিতা- আলহাজ্ব ফয়েজ আহমেদ, মাতা মোছাম্মৎ মোহসেনা বেগম, ব্যবসায়িক ঠিকানা-মেসার্স এইচ এ ট্রেডিং(প্রোপ্রাইটর), ১৪৭/২২, চান্দ মেয়া লেইন, লামাবাজার, খাতুনগঞ্জ, চট্টগ্রাম, স্থায়ী ঠিকানা: মুন্সির বাড়ি, গ্রাম: বরকল, ডাকঘর- ইসলামাবাদ-৪৩৮৩, থানা-চন্দনাইশ, জেলা- চট্টগ্রাম, বর্তমান ঠিকানা: ৩৯৮০/সি, পাটানিয়া গোদা, ডাকঘর- চান্দগাঁও-৪০০০, থানা- চান্দগাঁও, জেলা- চট্টগ্রাম, কর্তৃক ইউসিবি, খাতুনগঞ্জ শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩০.১০.২০১৯ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ২,১৭,৯৬,৭৬৮.২৬ (দুই কোটি সতের লক্ষ ছিয়ানব্বই হাজার সাতশত আটষট্টি টাকা ছাব্বিশ পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল

১	জেলা- চট্টগ্রাম, থানা- চন্দনাইশ, মৌজা- কানাই মাদারি, আর এস খতিয়ান নং- ১৭৮৬, ১৭৬৭, ১৭৮৫, ৪৭১ আর এস প্লট নং- ১০৩৩, ১০৩৪, ৪৫৬১, ৪৫৬৪, ৬৪০৫, ৪৫৬৩, ৪৪৬০, ৪৬৫২ বি এস খতিয়ান নং- ১১৮৪, ১৮৯৫, ৪৭১, ৪৭২, ৫১৬, বি এস প্লট নং- ৫৫০৭, ৫৫০০, ৫৪৯৯, ৫৪০৪, ৫৭০৬, ৪৭৪, ৪৭৫, বি এস মিউটেশন খতিয়ান নং-২১২০, বি এস প্লট নং-৫৪৯৯, ৪৭৫, ৫৫০০, ৫৪০৪, ৫৭০৬ জায়গার পরিমাণ - ১৬.৪৭ শতাংশ।
২	জেলা- চট্টগ্রাম, থানা- পটিয়া বর্তমানে চন্দনাইশ, মৌজা- বরকল, আর এস খতিয়ান নং- ৮৫৯, ৯১২, আর এস প্লট নং- ১৯০৬, ১৯৩৩, বি এস খতিয়ান নং- ৯৮৬, বি এস প্লট নং- ২২২৬, ২২৪৩ জায়গার পরিমাণ -৩৪.০০ শতাংশ।
৩	জেলা- চট্টগ্রাম, থানা- সাবেক পটিয়া বর্তমানে চন্দনাইশ, মৌজা- বরকল, জে এল নং-০২, আর এস খতিয়ান নং-৪৯, আর এস প্লট নং- ১৯৪৪, বি এস খতিয়ান নং- ৭৪১, বি এস প্লট নং- ২৩০০ জায়গার পরিমাণ -১২.০০ শতাংশ।
৪	জেলা- চট্টগ্রাম, থানা- সাবেক পাঁচলাইশ বর্তমানে বন্দর, মৌজা- বাকলিয়া, আর এস খতিয়ান নং- ৩০২৪, আর এস প্লট নং- ২১৩১২, ২১৩১৩, ২১৩১৪ পি এস খতিয়ান নং- ১১৭৭, পি এস প্লট নং- ৫৭৭০ স্পেসিপিং পসেশান আর এস প্লট নং-২১৩১২ করেসপনডিং বি এস খতিয়ান নং- ৩৫৪, বি এস মিউটেশন খতিয়ান নং-৩৫৪/২/১, বি এস প্লট নং- ৬৬০০ জায়গার পরিমাণ -৬.০০ শতাংশ।

নিলামের শর্তাবলী :-

- (১) আগামী ২১.১১.২০১৯ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, খাতুনগঞ্জ শাখায় রক্ষিত বাস্তব সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, খাতুনগঞ্জ শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিষ্কার বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ড যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য গুরুত্বপূর্ণ এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, খাতুনগঞ্জ শাখা।